

রাঙ্গামাটি সরকারি কলেজ
 নথিভুক্ত নং: ২৪/০৭/২৩
 সংশ্লিষ্ট সার্বিস নং:
 গ্রহণের তারিখ:



জাতীয় বিশ্ববিদ্যালয়
 গাজীপুর-১৭০৪

২৪/০৭/২৩
 ২৪/০৭/২৩
 ২৪/০৭/২৩

NU Honours Admission 2022-23

স্মারক নং: ১০(২২৩)জাতীয়বি/রেজি/অ্যাকা/২০২৩/২৭৯৯

তারিখ: ২৩/০৭/২০২৩

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ১ম রিলিজ প্রিপের মেধা তালিকা প্রকাশ ও কলেজ কর্তৃক
 গ্রহণের তারিখ চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ১ম রিলিজ প্রিপের মেধা তালিকা ২৭ জুলাই ২০২৩ তারিখ বিকাল ৪টায় প্রকাশ করা হবে। উক্ত ফলাফল SMS (nu<space>athn<space>roll no টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে একইদিন বিকাল ৪টা থেকে একই ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) রাত ৯টা থেকে পাওয়া যাবে।
 উল্লেখ্য যে, ১ম রিলিজ প্রিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু শিক্ষার্থী ২০২১-২০২২ শিক্ষাবর্ষে কোন শিক্ষা কার্যক্রমে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ০১ আগস্ট ২০২৩ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি করণ পূরণ করতে হবে। অন্যথায় যৈত ভর্তির কারণে শিক্ষার্থীর ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। এছাড়া ১ম রিলিজ প্রিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন করার কোন সুযোগ থাকবে না।

১ম রিলিজ প্রিপের মেধা তালিকার ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

ক্রমিক	বিবরণ	তারিখ
১)	১ম রিলিজ প্রিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে ভর্তি করণ পূরণ ও এর খ্রিট/সিডিএফ কপি সংগ্রহের তারিখ: শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Applicant Login অপশনে Honours Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি করণ পূরণ করে এর খ্রিট কপি নিতে হবে।	২৭/০৭/২০২৩ থেকে ০৬/০৮/২০২৩
২)	১ম রিলিজ প্রিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীকে চূড়ান্ত ভর্তি করণসহ রেজিস্ট্রেশন ফি বাবদ ৪৮৫/- (চারশত পঁচাত্তি) টাকা সংশ্লিষ্ট কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) জমা দেয়ার তারিখ:	৩০/০৭/২০২৩ থেকে ০৭/০৮/২০২৩
৩)	কলেজ কর্তৃক ১ম রিলিজ প্রিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি নিশ্চয়নের তারিখ: কলেজ কর্তৃপক্ষকে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ১ম রিলিজ প্রিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি করণে প্রদর্শিত সকল তথ্য ও ছবি (শিক্ষার্থীদের সনদপত্র ও নম্বরপত্র অনুযায়ী) যাচাই করে চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে হবে। কোন শিক্ষার্থীর ভর্তি করণে প্রদর্শিত তথ্য ও ছবিতে অসংগতি অথবা গড়মিল পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে শিক্ষার্থীর ভর্তি নিশ্চয়ন না করে বিষয়টি লিখিতভাবে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক ফুল বরাবর জানাতে হবে।	৩০/০৭/২০২৩ থেকে ০৮/০৮/২০২৩
৪)	সংশ্লিষ্ট কলেজকে ১ম রিলিজ প্রিপের মেধা তালিকায় ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত রেজিস্ট্রেশন ফি [জনপ্রতি ৪৮৫/- (চারশত পঁচাত্তি) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ: এ লক্ষ্যে কলেজকে Login এর মাধ্যমে Admission Payment Info (Honours) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে। Pay Slip এ ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) "রেজিস্ট্রেশন ফি" খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- 021810000134 উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর খ্রিট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।	০৯/০৮/২০২৩ থেকে ১৪/০৮/২০২৩

২৩/০৭/২০২৩
 (প্রফেসর ড. মোহাম্মদ বিন কাশেম)
 ডিন (অতিরিক্ত দায়িত্ব)
 স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক ফুল
 জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

অধ্যক্ষের কার্যালয়
 রাঙ্গামাটি সরকারি কলেজ
 রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ২৫/০৭/২০২৩ খ্রি.

বিজ্ঞপ্তি

সংযুক্ত পত্রের মর্মান্বায়ী ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ১ম রিলিজ প্রিপের মেধা তালিকা আগামী ২৭/০৭/২০২৩ খ্রি. তারিখ প্রকাশ করা হবে। এ মেধা তালিকায় যারা স্থানপ্রাপ্ত হবে তাদের ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি যথাসময়ে কলেজের ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে জানানো হবে।

২৫/০৭/২৩
 অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ
 রাঙ্গামাটি পার্বত্য জেলা

২৫/০৭/২৩

বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ৩। বিভাগীয় প্রধান,(সকল বিভাগ), অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ৪। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাকে কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল;
- ৫। সংরক্ষণ নথি।